Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

| | | | |
|---|---|---|---|
| শ্রেণি: | **শিক্ষার্থী** | জারি: 3/26/2012 | নম্বর: **A-860** |
| বিষয়: | নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে অথবা কোন নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্থিত একটি নির্দিষ্ট এলাকার নামকরণ ও পুনঃনামকরণ | | পৃষ্ঠা: 1 of 1 |

**পরিবর্তনের সারসংক্ষেপ**

এই প্রবিধান ২০ জানুয়ারি ২০১১ তারিখের চ্যান্সেলরের প্রবিধান A-860 কে রদ করে৷

পরিবর্তনসমূহ:

- প্রবিধানের জন্য যোগাযোগকারী দফতরের নাম অফিস অভ ফ্যামিলি ইনফরমেশন অ্যান্ড অ্যাকশন (“OFIA”) থেকে ডিভিশন অভ ফ্যামিলি অ্যান্ড কম্যুনিটি এনগেজমেন্ট (“FACE”) এ পরিবর্তিত করা হয়েছে৷

**সারাংশ**

এই প্রবিধান পাবলিক স্কুলগুলোর নামকরণ এবং পুনঃনামকরণ করার জন্য অবশ্য পালনীয় নিয়ম এবং কার্যপ্রণালি প্রদান করে। এছাড়াও এটি পাবলিক স্কুলের নির্দিষ্ট স্থানসমূহকে কোন দাতা অথবা অনুদানকারী অথবা স্থানীয় স্কুল কম্যুনিটির বিশিষ্ট কোন ব্যক্তির সম্মানে নামকরণ করার নিয়ম ও প্রক্রিয়ার বর্ণনা দেয়। স্কুলের কোন স্থাপনার, সম্পূর্ণ অথবা আংশিকভাবে, এই প্রবিধান বহির্ভূত প্রক্রিয়ায় নামকরণ বা পুনঃনামকরণ করা যাবে না। কোন জীবিত ব্যক্তির নামে স্কুলের নামকরণ বা পুনঃনামকরণ করা যাবে না। কোন অনুদান অথবা মঞ্জুরির স্বীকৃতি দেয়া ব্যতীত স্কুলের কোন নির্দিষ্ট ক্ষেত্র জীবিত ব্যক্তির নামে নামকরণ করা যাবে না।

## I. নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের নামকরণ বা পুনঃনামকরণ করার নিয়ম ও পদ্ধতি

A. সকল পাবলিক স্কুলের নামকরণ ও পুনঃনামকরণের ক্ষেত্রে চূড়ান্ত ক্ষমতা চ্যান্সেলরের হাতে থাকবে।

B. স্কুল পুনঃনামকরণ সংশ্লিষ্ট যেকোন ব্যয়ভার, যার মধ্যে নামফলকও আছে, তবে এতেই সীমাবদ্ধ নয়, প্রাসঙ্গিক স্কুল বহন করবে।

C. স্কুল এই প্রবিধানের পদ্ধতিসমূহ অনুসরণ করবে এবং নাম পরিবর্তন কার্যকরী হওয়ার আগের বছর ১ মার্চ তারিখের মধ্যে প্রস্তাবিত নামটি অনুমোদনের জন্য, যেমন বর্ণিত হয়েছে নিচে, চ্যান্সেলর নিযুক্ত দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি বরাবর পেশ করবে।

D. স্কুলের নামকরণ জীবিত ব্যক্তিদের নামে করা যাবে না।

যেখানে সম্ভব, মৃত ব্যক্তির নিকটতম আত্মীয়ের সঙ্গে প্রস্তাবিত নামকরণ বিষয়ে আলোচনা করতে হবে।

E. নতুন স্কুলের আদি নাম

নতুন স্কুলের আদি নামকরণ নতুন স্কুলের পরিকল্পনা দল ডিভিশন অভ পোর্টফোলিও প্ল্যানিংয়ের সঙ্গে পরামর্শ করে প্রস্তাব করবে।[1] কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের এখতিয়ারভুক্ত স্কুলগুলোর ক্ষেত্রে, চ্যান্সেলরের তরফ থেকে পর্যালোচনা এবং অনুমোদনের জন্য প্রস্তাব ডিভিশন অভ ফ্যামিলি অ্যান্ড কুম্যনিটি এনগেজমেন্ট (“FACE”/ফেস) এর কাছে পাঠাতে হবে। হাই স্কুলের ক্ষেত্রে, চ্যান্সেলরের তরফ থেকে পর্যালোচনা এবং অনুমোদনের জন্য প্রস্তাব অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট (“OSE”/ওএসই) এর কাছে পাঠাতে হবে।

F. বিদ্যমান সংখ্যায়িত স্কুলের প্রথম নাম এবং বিদ্যমান স্কুলে পুনঃনামকরণ

1. বিদ্যমান স্কুলের নামকরণের সকল প্রস্তাব যে স্কুলের নামকরণ বা পুনঃনামকরণ হবে তার প্রিন্সিপ্যালের পেশ করতে হবে।

2. যখন কোন মৃত ব্যক্তির নামে একটি বিদ্যমান স্কুলের নামকরণ করা হয়ে গেছে, যেখানে সম্ভব, প্রস্তাবিত পরিবর্তন সম্পর্কে নিকটতম আত্মীয়কে অবহিত করার জন্য প্রচেষ্টা গ্রহণ করতে হবে। স্কুলের পুনঃনামকরণ সম্পর্কে আত্মীয়দের যদি কিছু বলার থাকে তা বলার সুযোগ দিতে হবে।

3. স্কুল প্রিন্সিপ্যাল নিশ্চিত করবেন যে প্রস্তাবিত নাম পরিবর্তন স্কুলের প্যারেন্ট অ্যাসোসিয়েশন অথবা প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশনের (“PA”/পিএ) বৈঠকে পেশ করা হয়েছে প্রস্তাব আলোচনা এবং সমর্থনের ভোটাভুটি অনুষ্ঠানের লক্ষ্যে। পিএ-র সুপারিশ এবং ভোটের ফল পিএ কার্যবিবরণীতে যথাযথভাবে উল্লেখ করা হবে।

4. নাম পরিবর্তন প্রস্তাবে অগ্রগতির জন্য পিএ এবং প্রিন্সিপ্যাল উভয়কেই প্রস্তাবিত নাম পরিবর্তন সমর্থন করতে হবে।

5. পাবলিক স্কুলের প্রস্তাবিত নাম সাধারণ মানুষকে অবহিত করার উদ্দেশ্যে যথাযথ উপায়ে প্রকাশিত করা হবে যেমন, তবে এতেই সীমাবদ্ধ নয়, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ওয়েবসাইটে “একটি স্কুলের প্রস্তাবিত নাম, বিদ্যমান স্কুলের নাম পরিবর্তন অথবা স্কুলের নির্দিষ্ট এলাকার নামকরণ/পুনঃনামকরণ সংক্রান্ত সরকারি বিজ্ঞপ্তি” শীর্ষক আনুষ্ঠানিক সরকারি বিজ্ঞপ্তি (দ্রষ্টব্য সংযুক্তি নম্বর ৩ )।

---

[1] নতুন স্কুলে পরিকল্পনা দলে শিক্ষক, পিতামাতা, শিক্ষার্থী, মধ্যস্থতাকারী প্রতিনিধি (যদি প্রযোজ্য হয়), কম্যুনিটিভিত্তিক সহযোগী প্রতিনিধি (যদি প্রযোজ্য হয়) এং দায়িত্বপ্রাপ্ত স্কুল নেতৃত্ব অন্তর্ভুক্ত হবেন।

6. যদি পিএ এবং প্রিন্সিপ্যাল কর্তৃক অনুমোদিত হয়, প্রিন্সিপ্যাল তার অনুমোদনের কথা উল্লেখ করে নাম পরিবর্তনের প্রস্তাব যথাযথ সুপারিনটেনডেন্টের কাছে পাঠিয়ে দেবেন এবং পিএ-র অনুমোন এবং ভোটের তথ্য সংবলিত কার্যবিবরণীর একটি কপি জমা দেবেন।

7. অনুচ্ছেদ I.F.7, I.F.8, এবং I.F.9 শুধু কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের এখতিয়ারভুক্ত স্কুলসমূহের ক্ষেত্রে প্রযোজ্য। অন্যান্য স্কুলের জন্য সরাসরি নিচের I.D.10 অনুচ্ছেদে চলে যান। কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের এখতিয়ারভুক্ত স্কুলের ক্ষেত্রে, কম্যুনিটি সুপারিনটেনডেন্টকে প্রস্তাবিত নাম পরিবর্তনের প্রশ্নে অবশ্যই একটি সুপারিশ করতে হবে।

8. কম্যুনিটি স্কুল সুপারিনটেনডেন্ট তার সুপারিশসহ প্রস্তাবিত নাম পরিবর্তনের বিষয়টি যথাযথ কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের ("CEC"/সিইসি) পাবলিক মিটিংয়ে পেশ করবেন। সিইসিকে অবশ্যিই প্রস্তাবিত নাম পরিবর্তনের বিষয়ে সাধারণ মানুষের অভিমত গ্রহণ এবং প্রস্তাবিত নাম পরিবর্তন সমর্থন করা হবে কিনা সে বিষয়ে ভোট অনুষ্ঠান করতে হবে। সিইসির ভোট এবং তজ্জনিত সুপারিশ এই পাবলিক মিটিংয়ের কার্যবিবরণীতে যথাযথভাবে অন্তর্ভুক্ত করতে হবে।

9. যথাযথ সুপারিনটেনডেন্ট প্রস্তাবিত নাম পরিবর্তন এবং সিইসির সুপারিশ চ্যান্সেলর বা তার নিযুক্ত ব্যক্তি কর্তৃক পর্যালোচনা এবং অনুমোদনের জন্য ফেস-এর নিকট পেশ করবেন। সুপারিনটেনডেন্ট এই উদ্দেশ্যে "স্কুলের নামকরণ বা বিদ্যমান স্কুলের নাম পরিবর্তনের অনুরোধ" শীর্ষক ফরম ব্যবহার করবেন (দ্রষ্টব্য সংযুক্তি নম্বর ১)। অনুরোধ: ক) প্রিন্সিপ্যালের অনুমোদন উল্লেখ করবেন; খ) পিএ-র অনুমোদন ভোটের তথ্য সংবলিত কার্যবিবরণী সংযুক্ত করবে; গ) সুপারিনটেনডেন্টের সুপারিশ উল্লেখ করবে; এবং ঘ) সিইসি পাবলিক মিটিংয়ের কার্যবিবরণী সংযুক্ত করবে যেখানে এর সুপারিশ ও ভোটের তথ্য থাকবে। **দ্রষ্টব্য:** স্কুলকে অবশ্যই উল্লিখিত ধঅপগুলো অনুসরণ করতে এবং যে বছর প্রস্তাবিত নাম পরিবর্তন কার্যকরী হবে তার আগের বছরের ১ মার্চের মধ্যে চ্যান্সেলরের অনুমোদনের জন্য ফেস বরাবর জমা দিতে হবে (যেমন, ২০১১ সালের সেপ্টেম্বরে নাম পরিবর্তনের জন্য কাগজপত্র অবশ্যই ১ মার্চ ২০১০ তারিখের মধ্যে দাখিল করতে হবে)।

10. কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের এখতিয়ারভুক্ত নয় এমন স্কুলের জন্য, যথাযথ সুপানিটেনডেন্ট চ্যান্সেলর বা তার নিযুক্ত ব্যক্তি কর্তৃক পর্যালোচনা এবং অনুমোদনের জন্য ওএসই-র নিকট জমা দেবেন। সুপারিনটেনডেন্ট এই উদ্দেশ্যে "স্কুলের নামকরণ বা বিদ্যমান স্কুলের নাম পরিবর্তনের অনুরোধ" শীর্ষক ফরম ব্যবহার করবেন (দ্রষ্টব্য সংযুক্তি নম্বর ১)। অনুরোধ: ক) প্রিন্সিপ্যালের অনুমোদন উল্লেখ করবেন; খ) পিএ-র অনুমোদন ভোটের তথ্য সংবলিত কার্যবিবরণী সংযুক্ত করবে; গ) সুপারিনটেনডেন্টের সুপারিশ উল্লেখ করবে; এবং ঘ) সিইসি পাবলিক মিটিংয়ের কার্যবিবরণী সংযুক্ত করবে যেখানে এর সুপারিশ ও ভোটের তথ্য থাকবে। **দ্রষ্টব্য:** স্কুলকে অবশ্যই উল্লিখিত ধাপগুলো অনুসরণ করতে এবং যে বছর প্রস্তাবিত নাম পরিবর্তন কার্যকরী হবে তার আগের বছরের ১ মার্চের মধ্যে চ্যান্সেলরের অনুমোদনের জন্য ফেস বরাবর জমা দিতে হবে (যেমন, ২০১১ সালের সেপ্টেম্বরে নাম পরিবর্তনের জন্য কাগজপত্র অবশ্যই ১ মার্চ ২০১০ তারিখের মধ্যে দাখিল করতে হবে)।

11. চ্যান্সেলর বা তার নিযুক্ত ব্যক্তিকেই নাম পরিবর্তনের চূড়ান্ত অনুমোদন দিতে হবে। যদি প্রস্তাবিত নাম অনুমোদিত হয়, চ্যান্সেলরের নিযুক্ত ব্যক্তি বিষয়টি প্রিন্সিপ্যালকে অবহিত করবেন। অনুমোদনের নির্দেশ লাভের আগে স্কুল কোনক্রমেই নতুন নাম ব্যবহার শুরু করতে পারবে না।

G. স্কুলের নাম, একবার নির্ধারিত হওয়ার পর, নামকরণের দশ বছরের মধ্যে পরিবর্তন করা যাবে না। যেখানে স্কুলের নতুন নামে কোন অংশীদার প্রতিষ্ঠানের নাম অন্তর্ভুক্ত থাকে এবং দশ বছর অতিক্রান্ত হওয়ার আগেই অংশীদারত্বর অবসান ঘটে, সেখানে চ্যান্সেলর বা তার নিযুক্ত ব্যক্তি অংশীদারের নাম অপসারণে স্কুলের নাম পরিবর্তন করবেন।

H. কোন বরোর অন্তর্গত কোন প্রাইমারি, এলিমেন্টারি, মিডল, ইন্টারমিডিয়েট বা জুনিয়র হাই স্কুলের নামকরণ হুবহু একই ধরনের আরেকটি স্কুলের নামে করা যাবে না। নিউ ইয়র্ক সিটি স্কুল ডিস্ট্রিক্টের অন্তর্গত কোন হাই স্কুলের নামকরণ হুবুহ আরেকটি হাই স্কুলের নামে করা যাবে না। নিউ ইয়র্ক সিটি স্কুল ডিস্ট্রিক্টের অন্তর্গত কোন স্পেশাল এডুকেশন স্কুলের নাম আরেকটি স্পেশাল এডুকেশন স্কুলের নামের অনুকরণ করে রাখা যাবে না।

## II. কোন অনুদানকারী বা মঞ্জুরিদানকারীর সম্মানার্থ একটি পাবলিক স্কুলের নির্দিষ্ট স্থানের নামকরণ

A. চ্যান্সেলর একজন অনুদানকারী বা মঞ্জুরিদানকারীর সম্মানে কোন পাবলিক স্কুলের নির্ধারিত স্থান যার অন্তর্ভুক্ত, তবে এতেই সীমাবদ্ধ নয়, প্লেগ্রাউন্ড, ফিল্ড, জিমন্যাশিয়াম, স্টেডিয়াম, সুইমিং পুল, লাইব্রেরি, ক্যাফেটেরিয়া, ক্লাসরুম, ল্যাবরেটরি, এক্সটেনশন অথবা এনেক্স ("বিশেষায়িত এলাকা") এর নামকরণ করতে পারেন। একজন অনুদানকারী/মঞ্জুরিকারীর সম্মানে সমগ্র স্কুলের নামকরণ বা পুনঃনামকরণের প্রস্তাবের ক্ষেত্রে সেকশন I প্রযোজ্য হবে।

B. বিশেষায়িত এলাকার নামকরণ শুধু অনুদান বা মঞ্জুরির স্বীকৃতি হিসাবে করা যাবে। শ্রদ্ধাজ্ঞাপক নামকরণ অনুদান বা মঞ্জুরিদানকারী ব্যক্তি, অংশীদারত্ব, কর্পোরেট বা ফাউন্ডেশনের নামে করা যাবে।

C. বিশেষায়িত এলাকা নামকরণের পদ্ধতি

1. এই সেকশনের আওতায় বিশেষায়িত এলাকার নামকরণের আগে এটি নির্ধারণ করতে হবে যে প্রাসঙ্গিক উপহার বা অনুদান গ্রহণ ও ব্যবহার এবং বিশেষায়িত এলাকার নামকরণ নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল ব্যবস্থার স্বার্থের অনুকূল। প্রতিটি প্রাসঙ্গিক স্কুলের প্রিন্সিপ্যাল প্রস্তাবিত নাম অনুমোদন করবেন এবং নিশ্চিত করবেন প্রস্তাবটি স্কুলের পিএ-র বৈঠকে আলোচনা এবং সমর্থন করা হবে কিনা নির্ধারণে ভোটাভুটির জন্য পেশ করা হয়েছে। পিএ-র অনুমোদন এবং ভোটের তথ্য পিএ-র কার্যবিবরণীতে যথাযথভাবে উল্লিখিত হবে।

2. প্রিন্সিপ্যাল এবং পিএ কর্তৃক অনুমোদনের পর, পাবলিক স্কুলের প্রস্তাবিত নাম সাধারণ মানুষকে অবহিত করার উদ্দেশ্যে যথাযথ উপায়ে প্রকাশিত করা হবে যেমন, তবে এতেই সীমাবদ্ধ নয়, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ওয়েবসাইটে "একটি স্কুলের প্রস্তাবিত নাম, বিদ্যমান স্কুলের নাম পরিবর্তন অথবা স্কুলের নির্দিষ্ট এলাকার নামকরণ/পুনঃনামকরণ সংক্রান্ত সরকারি বিজ্ঞপ্তি" শীর্ষক আনুষ্ঠানিক সরকারি বিজ্ঞপ্তি (দ্রষ্টব্য সংযুক্তি নম্বর ৩ )।

3. অনুদানকারী(দের) বা মঞ্জুরিদানকারী(দের) স্বীকৃতি হিসাবে কোন পাবলিক স্কুলের একটি বিশেষায়িত এলাকার নামকরণের সকল অনুরোধ নিম্ন ঠিকানায় পাঠাতে হবে:

New York City Department of Education
Office of Strategic Partnerships
Attn: Naming Committee
52 Chambers St. - Room 305
New York, NY 10007

অফিস অভ স্ট্রাটেজিক পার্টনারশিপস নেমিং কমিটি ("নামকরণ কমিটি") প্রয়োজনবোধে প্রয়োগগত বিধিবিধান ও পদ্ধতি গ্রহণ করতে পারে। নামকরণ কমিটির কাছে অনুমোদনের জন্য পেশকৃত সকল অনুরোধ "একজন অনুদানকারী বা মঞ্জুরিদানকারীর নামে স্কুলের একটি নির্ধারিত এলাকা নামকরণের জন্য অনুরোধ" শীর্ষক ফরম ব্যবহার করতে হবে (দ্রষ্টব্য সংযুক্তি নম্বর ২)। অনুরোধে প্রিন্সিপ্যালের অনুমোদনের কথা উল্লেখ থাকবে এবং পিএ-র ভোট ও অনুমোদনের তথ্য সংবলিত কার্যবিবরণীর তথ্য সংযুক্ত হবে।

D. কোন শ্রদ্ধাজ্ঞাপক নাম পাঁচ বছরের বেশি রক্ষা করতে ডিপার্টমেন্ট বাধ্য থাকবে না। ডিপার্টমেন্ট একজন অনুদানকারী বা মঞ্জুরিদানকারীর নামে নামকরণকৃত এলাকার নাম পুনঃনামকরণের অধিকার সংরক্ষণ করে যদি উক্ত অনুদানকারী কোন অবৈধ বা অনৈতিক কর্মে লিপ্ত হন যা পির্টমেন্ট কিংবা সিটির সুনামের জন্য হানিকর।

## III. একজন মরহুম ব্যক্তি যিনি কোন নির্দিষ্ট স্কুলের কাছে বিশেষভাবে গুরুত্বসম্পন্ন তার নামে একটি সরকারি স্কুলের নির্দিষ্ট এলাকার নামকরণ

A. অ-বিশেষায়িত, সাধারণ শ্রেণিকক্ষ বা অফিসকক্ষেরে নামকরণ

স্কুল প্রিন্সিপ্যালের ক্ষমতা থাকবে অবিশেষায়িত, সাধারণ শ্রেণিকক্ষ বা অফিসকক্ষ একজন মরহুম ব্যক্তির নামে নামকরণ করার যিনি স্কুলে শিক্ষায় বা অন্যক্ষেত্রে অসামান্য ও দীর্ঘস্থায়ী অবদান রেখেছেন। অবিশেষায়িত, সাধারণ শ্রেণিকক্ষ অথবা অফিসকক্ষ জীবিত ব্যক্তির নামে করা যাবে না।

1. সাধারণ ক্লাসরুম অথবা অফিসকক্ষ নামকরণ বা পুনঃনামকরণের অনুরোধ আলোচনা ও ভোটাভুটির জন্য পিএ বরাবর পেশ করতে হবে।

2. প্রস্তাবিত নাম প্রিন্সিপ্যাল ও পিএ উভয়কেই অনুমোদন করতে হবে।

B. বিশেষায়িত এলাকার নামকরণ

শুধু চ্যান্সেলর বা তার নিযুক্ত ব্যক্তি বিশেষায়িত এলাকা – স্কুলের প্লেগ্রাউন্ড, ফিল্ড, জিমনাশিয়াম, স্টেডিয়াম, সুইমিং পুল, লাইব্রেরি, ক্যাফেটেরিয়া, ল্যাবরেটরি, এক্সটেনশন, অ্যানেক্স, অথবা স্কুলের উন্মুক্ত এলাকা – নামকরণ বা পুনঃনামকরণ করতে পারেন।

1. এ ধরনের বিশেষায়িত এলাকার নামকরণের অনুরোধ অবশ্যই প্রিন্সিপ্যাল কর্তৃক অনুমোদিত এবং আলোচনা ও ভোটাভুটির জন্য পিএ বরাবর উপস্থাপিত হতে হবে। পিএ-র অনুমোদন এবং ভোটাভুটির তথ্য পিএ কার্যবিবরণীতে যথাযথভাবে উল্লেখ করতে হবে।

2. প্রিন্সিপ্যাল এবং পিএ উভয়ের অনুমোদনের পর, পাবলিক স্কুলের প্রস্তাবিত নাম সাধারণ মানুষকে অবহিত করার উদ্দেশ্যে যথাযথ উপায়ে প্রকাশিত করা হবে যেমন, তবে এতেই সীমাবদ্ধ নয়, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের ওয়েবসাইটে "একটি স্কুলের প্রস্তাবিত নাম, বিদ্যমান স্কুলের নাম পরিবর্তন অথবা স্কুলের নির্দিষ্ট এলাকার নামকরণ/পুনঃনামকরণ সংক্রান্ত সরকারি বিজ্ঞপ্তি" শীর্ষক আনুষ্ঠানিক সরকারি বিজ্ঞপ্তি (দ্রষ্টব্য সংযুক্তি নম্বর ৩)।

3. পিএ প্রস্তাবিত নামকরণ চ্যান্সেলরের তরফে পর্যালোচনা এবং অনুমোদনের জন্য ফেস বরাবর পেশ করবে। অনুরোধে প্রিন্সিপ্যালের অনুমোদনের উল্লেখ এবং পিএ-র কার্যবিবরণীর কপি সংযুক্ত করতে হবে যেখানে ভোটাভুটি ও অনুমোদনের তথ্য থাকবে।

## IV. রেহাই

ব্যতিক্রম পরিস্থিতিতে এবং স্কুল ব্যবস্থার স্বার্থের প্রয়োজনে চ্যান্সেলর বা তার নিযুক্ত ব্যক্তি এই প্রবিধানের সম্পূর্ণ বা অংশবিশেষ মওকুফ করতে পারেন।

## V. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত অনুসন্ধান করতে হবে নিম্ন ঠিকানায়:

**সেকশন I, III, এবং IV সম্পর্কিত অনুসন্ধানের জন্য:**

| ফোন: | | ফ্যাক্স: |
|---|---|---|
| 212-374-2323 | *Division of Family and Community Engagement*N.Y.C. Department of Education<br>49 Chambers Street – Room 503<br>New York, NY 10007 | 212-374-0076 |
| 212-374-5426 | *Office of Student Enrollment*<br>N.Y.C. Department of Education<br>52 Chambers Street – Room 415<br>New York, NY 10007 | 212-374-5568 |

**সেকশন II সম্পর্কিত অনুসন্ধানের জন্য:**

| | | |
|---|---|---|
| 212-374-2874 | *Office of Strategic Partnerships*<br>*Attn: Naming Committee*<br>N.Y.C. Department of Education<br>52 Chambers Street – Room 305<br>New York, NY 10007 | 212-374-5571 |

NYC Department of Education

Department of Education

**স্কুলের নামকরণ অথবা বিদ্যমান স্কুলের নাম পরিবর্তনের অনুরোধ**

দয়া করে টাইপ করুন অথবা স্পষ্ট হরফে লিখুন

**রিজিয়ন, ডিস্ট্রিক্ট অথবা প্রোগ্রামের নাম:** ______________________________

**নির্দেশ:** কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের এখতিয়ারভুক্ত স্কুলের ক্ষেত্রে, দয়া করে এই ফরম পূরণ করে Division of Family and Community Engagement (FACE), NYC Department of Education, 49 Chambers Street, Room 503, New York, NY 10007 (fax 212-374-0076) (FACE) বরাবর দাখিল করুন। কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের এখতিয়ারভুক্ত নয় এমন স্কুলের ক্ষেত্রে, দয়া করে এই ফরম পূরণ করে Office of Student Enrollment (OSE), NYC Department of Education, 52 Chambers Street, Room 415, New York, NY 10007 (fax 212-374-5568) বরাবর দাখিল করুন।

প্যারেন্ট অ্যাসোসিয়েশন অথবা প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশনের সঙ্গে পরামর্শক্রমে আমরা এইমর্মে অনুরোধ পেশ করছি যে ______________ এর নাম আনুষ্ঠানিকভাবে______________________________ করা হোক।
(স্কুলের নম্বর)

এই অনুরোধ নিচের **একটির** জন্য (যথাযথ ঘরে চিহ্ন দিন):

☐ নতুন স্কুল যার ঠিকানা: ______________________________
______________________________

☐ বিদ্যমান স্কুল এর আগে যার নামকরণ করা হয়নি।

☐ একটি বিদ্যমান স্কুলের পুনঃনামকরণ। দয়া করে পূরণ করুন:

(a) আগের আনুষ্ঠানিক নাম কী? ______________________________

(b) স্কুলের নামকরণ কোন বছর করা হয়েছিল? ______________________________

☐ স্কুলের একটি বিশেষায়িত এলাকা যেমন প্লেগ্রাউন্ড, ফিল্ড, অথবা জিমনাশিয়াম

এলাকা শনাক্ত করুন: ______________________________

***দয়া করে নিচে উল্লিখিত কাগজপত্র সংযুক্ত করুন:***

1. যদি স্কুলের নামকরণ একজন মরহুম ব্যক্তি নামে করার অনুরোধ হয়, মরহুমের নিকটতম আত্মীয়ের লিখিত অনুমতি সংযুক্ত করুন। যদি নাম পরিবর্তনের অনুরোধ এমন স্কুলের ক্ষেত্রে হয় যার নামকরণ আগে থেকেই একজন মরহুমের নামে করা হয়েছে, প্রতিস্থাপিত ব্যক্তির নিকটতম ব্যক্তির মন্তব্য সংযুক্ত করুন। যদি মন্তব্য পাওয়া না যায়, নিকটতম আত্মীয়ের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করা হয়েছে এই মর্মে একটি বিবৃতি সংযুক্ত করুন।
2. যার নাম পেশ করা হয়েছে সেই মরহুম ব্যক্তিকে কীভাবে স্কুল অথবা স্কুলটি যে এলাকায় অবস্থিত তার সঙ্গে সম্পর্কিত করা হয়েছে সে বিষয়ে একটি সংক্ষিপ্ত বিবৃতি।
3. কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের এখতিয়ারভুক্ত স্কুলের ক্ষেত্রে, দয়া করে: ক) পিএ-র অনুমোদন ও ভোটাভুটির তথ্য সংবলিত কার্যবিবরণী সংযুক্ত করুন; খ) সুপারিনটেনডেন্টের অনুমোদন উল্লেখ করুন; এবং গ) কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের কার্যবিবরণীর সার্টিফায়েড কপি সংযুক্ত করুন যেখানে উল্লেখ থাকবে প্রস্তাবিত নামটি সমর্থন করা হবে কিনা সে বিষয়ে ভোটাভুটির তথ্য।
4. কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের এখতিয়ারভুক্ত নয় এমন স্কুলের ক্ষেত্রে, দয়া করে: ক) প্রিন্সিপ্যালের অনুমোদন উল্লেখ করুন; খ) পিএ-র অনুমোদন ও ভোটাভুটির তথ্য সংবলিত কার্যবিবরণী সংযুক্ত করুন; এবং গ) সুপারিনটেনডেন্টের অনুমোদন উল্লেখ করুন।

***পেশ করেছেন:***

______________________________ ______________
প্রিন্সিপ্যালের স্বাক্ষর তারিখ

Department of Education

______________________________ ______________
সুপারিনটেনডেন্টের স্বাক্ষর তারিখ

-----------------------------------------------------------------------------------------------------------------------------

**অনুমোদন:** ______________________________ ______________
ডিরেক্টর, ওএসই অথবা ফেস তারিখ

**অনুমোদন:** ______________________________ ______________
(পক্ষে) চ্যান্সেলর তারিখ

NYC Department of Education

## একটি স্কুলের প্রস্তাবিত নাম, বিদ্যমান স্কুলের নাম পরিবর্তন অথবা স্কুলের নির্দিষ্ট এলাকার নামকরণ/পুনঃনামকরণ সংক্রান্ত সরকারি বিজ্ঞপ্তি

দয়া করে টাইপ করুন অথবা স্পষ্ট হরফে লিখুন

**রিজিয়ন, ডিস্ট্রিক্ট অথবা প্রোগ্রামের নাম:** ____________________

**নির্দেশ:** কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের এখতিয়ারভুক্ত স্কুলের ক্ষেত্রে, দয়া করে এই ফরম পূরণ করে Division of Family and Community Engagement (FACE), NYC Department of Education, 49 Chambers Street, Room 503, New York, NY 10007 (fax 212-374-0076) (FACE) বরাবর দাখিল করুন। কম্যুনিটি স্কুল ডিস্ট্রিক্টের এখতিয়ারভুক্ত নয় এমন স্কুলের ক্ষেত্রে, দয়া করে এই ফরম পূরণ করে Office of Student Enrollment (OSE), NYC Department of Education, 52 Chambers Street, Room 415, New York, NY 10007 (fax 212-374-5568) বরাবর দাখিল করুন।

**দয়া করে লক্ষ করুন** যে প্যারেন্ট অ্যাসোসিয়েশন অথবা প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশনের সঙ্গে পরামর্শক্রমে নিম্নলিখিত বিষয়টি প্রস্তাব করা হয়েছে (যথাযথ ঘরে চিহ্ন দিন এবং ***শুধু*** সেই ঘরে তথ্য লিখুন):

☐ একটি নতুন স্কুল অথবা ☐ একটি বিদ্যমান স্কুল যার নম্বর রয়েছে কিন্তু কোন নামকরণ করা হয়নি

☐ বিদ্যমান স্কুলের পুনঃনামকরণ। দয়া করে নিচের প্রশ্নগুলোর উত্তর দিন:

(a) আগের আনুষ্ঠানিক নাম কী? ____________________

(b) স্কুলের নামকরণ কোন বছর করা হয়েছিল? ____________________

(c) স্কুলের ঠিকানা: ____________________

(d) স্কুলের ধরন: ____________________
(প্রাইমারি, এলিমেন্টারি, মিডল, ইন্টারমিডিয়েট, জুনিয়র/সিনিয়র হাই, স্পেশাল এড ইত্যাদি.)

☐ স্কুলের নির্দিষ্ট এলাকার নামকরণ অথবা পুনঃনামকরণ। দয়া করে নিচের তথ্য দিন:

(a) নির্দিষ্ট এরাকার নামকরণ/পুনঃনামকরণ কি একজন ☐ অনুদানকারী/মঞ্জুরিদানকারীর জন্য?

(b) নামকরণ/পুনঃনামকরণ কি একজন ☐ মরহুম ব্যক্তির জন্য যিনি এই স্কুলে অসামান্য, দীর্ঘস্থায়ী অবদান রেখেছেন?

(c) আগের আনুষ্ঠানিক নাম কী ছিল? ☐) ____________________

(d) কোন বছর এলাকাটি আগের নাম লাভ করেছিল (এন/এ ☐) ____________________

***দয়া করে নিচের কাগজপত্র সংযুক্ত করুন:***

1. **মরহুম ব্যক্তির জন্য নামকরণ:** (ক) নিকটতম আত্মীয়ের নিকট থেকে লিখিত অনুমতি। যদি নাম পরিবর্তনের অনুরোধ এমন স্কুলের ক্ষেত্রে হয় যার নামকরণ আগে থেকেই একজন মরহুমের নামে করা হয়েছে, প্রতিস্থাপিত ব্যক্তির নিকটতম ব্যক্তির মন্তব্য সংযুক্ত করুন। যদি মন্তব্য পাওয়া না যায়, নিকটতম আত্মীয়ের সঙ্গে যোগাযোগ করার চেষ্টা করা হয়েছে এই মর্মে একটি বিবৃতি সংযুক্ত করুন; (খ) যার নাম পেশ করা হয়েছে সেই মরহুম ব্যক্তিকে কীভাবে স্কুল অথবা স্কুলটি যে এলাকায় অবস্থিত তার সঙ্গে সম্পর্কিত করা হয়েছে সে বিষয়ে একটি সংক্ষিপ্ত বিবৃতি; (গ) প্যারেন্ট অ্যাসোসিয়েশন অথবা প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশরে বৈঠকের কার্যবিবরণী যেখানে নামকরণ বা পুনঃনামকরণের বিষয়টি আলোচিত হয়; (ঘ) যদি প্রস্তাবিত নাম সমগ্র স্কুলের জন্য হয়, কম্যুনিটি এডুকেশন কাউন্সিলের বৈঠকের কার্যবিবরণীর সার্টিফায়েড কপি যেখানে কম্যুনিটি ডিস্ট্রিক্টের এখতিয়ারভুক্ত স্কুলের ক্ষেত্রে প্রস্তাবিত নাম সমর্থন করা হবে কিনা সে বিষয়ে ভোটাভুটি অনুষ্ঠানের তথ্য থাকবে।

2. **অনুদানকারী/মঞ্জুরিদানকারীর সম্মানে নামকরণ:** (ক) পিএ অথবা পিটিএ বৈঠকের কার্যবিবরণী যেখানে প্রস্তাবিত নামকরণ অথবা পুনঃনামকরণের বিষয়টি আলোচিত হয়।

***পেশ করেছেন:***

______________________________ ______________
সুপারিনটেনডেন্টের স্বাক্ষর তারিখ

______________________________ ______________
প্রিন্সিপ্যালের স্বাক্ষর তারিখ